# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 14-08-2026** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর-

১) দেশভাগের বিভীষিকা ও যন্ত্রণাময় ইতিহাস স্মরণ করতে আজ  রাজ্যজুড়ে দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করা হচ্ছে।

২) রাজ্যে প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার জন্য আবাস প্লাস সমীক্ষার মেয়াদ আরো ১৫ দিন বাড়ানো হয়েছে।

২) এনআরএস মেডিকেল কলেজ হাসপাতালের নার্সের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশের পাশাপাশি রাজ্যের স্বাস্থ্য দপ্তর তদন্ত শুরু করেছে ।

৩) পরিবারের সদস্যদের না জানিয়ে অভয়ার দেহ তড়িঘড়ি সৎকারের অভিযোগে পুলিশ পানিহাটির প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষ এবং প্রাক্তন কাউন্সিলার সঞ্জীব মুখার্জীকে গ্রেফতার করেছে।

৪) নেতাজী সুভাষচন্দ্র বসুকে নিয়ে আপত্তিকর মন্তব্য করায় বিভিন্ন জেলা থেকে এপর্যন্ত পাঁচজনকে গ্রেফতার করেছে পুলিশ।

৫) গভীর নিম্নচাপের কারণে আজ দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাষ।

*OOOOOOOOOOOOOOOOOOOOOOOOO*

দেশভাগের বিভীষিকা ও যন্ত্রণাময় ইতিহাস স্মরণ করতে আজ রাজ্যজুড়ে ‘পার্টিশন হরর রিমেমব্র্যান্স ডে’ বা দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করা হচ্ছে। এই উপলক্ষ্যে নিউটাউনের কনভেনশন সেন্টারে আজ এক প্রদর্শনীর উদ্বোধন করবেন রাজ্যের স্কুল শিক্ষামন্ত্রী দীপক বর্মন। এছাড়া সব জেলায় মোমবাতি মিছিল, দেশভাগের ইতিহাস নিয়ে প্রদর্শনী এবং তথ্যচিত্র প্রদর্শনের আয়োজন করতে তথ্য ও সংস্কৃতি দফতরের সচিব ড. সৌমিত্র মোহন জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

এই উপলক্ষে আজ ১৪-ই অগস্ট সন্ধ্যায় প্রতিটি জেলা সদর এলাকায় সরকারি আধিকারিক, পড়ুয়া, শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংগঠন এবং সাধারণ মানুষের অংশগ্রহণে মোমবাতি মিছিল আয়োজন করবে।

এই কর্মসূচী সফলভাবে আয়োজনের জন্য প্রতিটি জেলার জন্য ৩০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা সংশ্লিষ্ট দফতরগুলির সঙ্গে সমন্বয় করে গ্রহণ করতে জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি রাজ্যের সমস্ত সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, তাদের অধীনস্থ কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে ১৪ অগস্ট ‘বিভাজন বিভীষিকা স্মরণ দিবস’ পালন করার আহ্বান জানিয়েছেন।

রাজ্যপালের বার্তায় বলা হয়েছে, এই কর্মসূচিতে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের একত্রিত করে দেশভাগের ভয়াবহতা এবং বাংলার উপর তার গভীর প্রভাব স্মরণ করা উচিৎ। দেশভাগের সবচেয়ে মর্মান্তিক অভিঘাতগুলির অন্যতম সাক্ষী ছিল বাংলা। লক্ষ লক্ষ মানুষকে ঘরছাড়া হতে হয়েছিল। বহু মানুষ প্রাণ হারিয়েছিলেন, নষ্ট হয়েছিল জীবিকা। একই সঙ্গে বাংলার সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক পরিসরে নেমে এসেছিল গভীর বিপর্যয়।

রাজ্যপালের বক্তব্য, এই স্মরণ কর্মসূচির মাধ্যমে নতুন প্রজন্মকে দেশের ইতিহাসের অন্যতম অন্ধকার অধ্যায় সম্পর্কে অবহিত করা সম্ভব হবে।

oooooooooooooooooooooooo

রাজ্যে প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার জন্য আবাস প্লাস সমীক্ষার কাজের মেয়াদ আরও ১৫ দিন বাড়ানো হয়েছে। অগাস্ট মাস জুড়েই এই কাজ চলবে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ গতকাল দুর্গাপুরে সৃজনী প্রেক্ষাগৃহে এক পর্যালোচনা বৈঠকে একথা জানিয়েছেন ।

(বাইট – দিলীপ ঘোষ)

পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলার আধিকারিকদের নিয়ে ওই বৈঠক শেষে মন্ত্রী, সাংবাদিকদের জানান, প্রতিকূল আবহাওয়া, পঞ্চায়েত স্তরে ১১ হাজারেরও বেশি কর্মীসংকট এবং সেই সঙ্গে একাধিক উন্নয়নমূলক কাজ চলায় সমিক্ষার কাজ কিছুটা বিলম্বিত হয়েছে। তবে বর্ধিত সময়সীমার মধ্যে প্রতিটি উপভোক্তার বাড়ি পৌঁছে সঠিক সার্ভে নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে। যেখানে যেখানে সার্ভে কর্মীরা পৌঁছাননি, ইমেইলে নাম-ঠিকানা জানালে কর্মী পাঠিয়ে সমীক্ষার ব্যবস্থা নেওয়া হবে।

oooooooooooooooooooooooo

বাঁকুড়া জেলার পঞ্চায়েতগুলির কাজকর্ম ও গ্রামোন্নয়নের বিভিন্ন বিষয় নিয়ে গতকাল এক পর্যালোচনা বৈঠক হয়েছে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের মন্ত্রী দিলীপ ঘোষ ও বাঁকুড়া জেলা প্রশাসনের আধিকারিকরা জেলা পরিষদ অডিটোরিয়ামের ওই বৈঠকে উপস্থিত ছিলেন। পঞ্চায়েতগুলির বিভিন্ন সমস্যা, সরকারী প্রকল্পের বাস্তবায়ন সহ একাধিক বিষয়ে কথাবার্তা হয়েছে বলে সূত্রের খবর।

oooooooooooooooooooooooo

বিভিন্ন প্রকল্পের কাজ সঠিক সময়ে রূপায়ণ এর লক্ষ্যে রাজ্য সরকার নতুন পোর্টাল চালু করেছে। পূর্ত, জনস্বাস্থ্য কারিগরি, গোর্খাল্যান্ড আঞ্চলিক প্রশাসন GTA, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, জেলা শাসকের কার্যালয় এর মতো আটটি দপ্তরকে

এখন থেকে ই-টেন্ডার এর ক্ষেত্রে এই নির্দেশ মেনে চলতে হবে। আগামী সোমবার থেকে এই নিয়ম কার্যকরী হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এনআরএস মেডিকেল কলেজ হাসপাতালের নার্সের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশের পাশাপাশি রাজ্যের স্বাস্থ্য দপ্তরও তদন্ত শুরু করেছে। স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় গতকাল হাসপাতালে গিয়ে কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন। পরে তিনি সাংবাদিকদের জানান, এনআরএস হাসপাতালের ফরেনসিক বিভাগের প্রধানের নেতৃত্বে একটি তদন্তকারী দল গঠন করা হয়েছে। ওই কমিটিতে আছেন, NRS এর প্রিন্সিপাল, সুপার, নার্সিং সুপারিনটেনডেন্ট, সাইক্রিয়াটিক বিভাগ এবং সাফাই কর্মী ও সুরক্ষা কর্মীদের বিভাগীয় প্রধান। সাত দিনের মধ্যে এই কমিটি স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তাকে রিপোর্ট পাঠাবে।

(বাইট – শারদ্বত)

নার্সের ওই নার্সের স্বামীর সঙ্গেও গতকাল দেখা করেন স্বাস্থ্যমন্ত্রী। রাজ্য সরকার সবরকমভাবে তাঁর পরিবারকে সহায়তা করবে বলে আশ্বাস দেন স্বাস্থ্যমন্ত্রী।

এই নার্সের মৃত্যু কারণ স্পষ্ট নয় বলে উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী জানান, স্ত্রী রোগ বিভাগে কর্মরত ওই নার্স রাতে শৌচালয়ে যাওয়ার পর দীর্ঘক্ষণ তার কোন খোঁজ মেলেনি। পরে জুনিয়ার ডাক্তার ও অন্য কর্মীরা শৌচালয়ের দরজা ভেঙে তাকে অচৈতন্য অবস্থা উদ্ধার করে। পরে তাকে মৃত ঘোষণা করা হয়।

উল্লেখ্য, পূর্ব মেদিনীপুরের পটাশপুরে বাসিন্দা ওই নার্স, দমদম ক্যান্টনমেন্টে থাকতেন ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পরিবারের সদস্যদের না জানিয়ে অভয়ার দেহ তড়িঘড়ি সৎকারের অভিযোগে পুলিশ পানিহাটি পুরসভার প্রাক্তন কাউন্সিলার সঞ্জীব মুখ্যার্জীকে গ্রেফতার করেছে। পানিহাটির অম্বিকা মুখার্জী রোডে তার বাড়ি থেকেই সঞ্জীবকে গ্রেফতার করা হয়। অভয়ার পরিবারের করা এফ আই আর-এ সঞ্জীব মুখার্জীরও নাম ছিল।

উল্লেখ্য, ওড়িশার একটি হোটেল থেকে গতকালই গ্রেফতার করা হয় পানিহাটির প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষকে। তাকে আজ আদালতে তোলা হতে পারে বলে সূত্রের খবর। অভিযোগপত্রে সোমনাথ দে নামে আরও এক ব্যক্তির উল্লেখ রয়েছে। এখনও তার খোঁজ মেলেনি বলে সূত্রের খবর। গত ৯-ই আগস্ট অভয়ার স্মরণসভায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী পুলিশকে তড়িঘড়ি দেহ সৎকারের ঘটনায় নতুন মমলা দায়েরের নির্দেশ দিয়েছিলেন। আর জি করের ঘটনায় সিবিআই পূর্ণাঙ্গ তদন্ত করে সত্য উদ্ঘাটিত করছে না, সেই প্রশ্ন তুলেছেন সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

(বাইট – সেলিম)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আজ সন্ধ্যা ৭’টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। এর প্রেক্ষিতে আজ আকাশবাণী কলকাতার সন্ধে ৭.৩৫ মিনিটের জাতীয় সংবাদ রাত ৮-টায় সম্প্রচারিত হবে। সন্ধে ৭ ও ৮-টার FM হেডলাইন্স এবং রাত ৮.১০-এর খেলার খবর বাতিল থাকছে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা অনুবাদ সম্প্রচার করা হবে রাত সাড়ে ৯’টায় ।

অন্যদিকে, আগামীকাল ১৫-ই আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির লালকেল্লা প্রাকার থেকে সকাল ৭’টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীর ভাষণ শেষ হলে রাজ্যবাসীর উদ্দেশে বেতার ভাষণ দেবেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অসামান্য ও প্রশংসনীয় কাজের স্বীকৃতি হিসেবে স্বাধীনতা দিবসে রাজ্যে ১৪ জন আই পি এস আধিকারিক মুখ্যমন্ত্রী পদক পাচ্ছেন। আগামীকাল স্বাধীনতা দিবসের অনুষ্ঠান মঞ্চে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তাদের এই পদক দিয়ে সম্মানিত করবেন। চিফ মিনিস্টার মেডেল ফর আউটস্ট্যান্ডিং সার্ভিস-২০২৬ পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছেন ৬ আই পি এস আধিকারিক। এরা হলেন, দময়ন্তী সেন, অজয় কুমার, নিরোজ কুমার সিং, কে জয়রামন, প্রণব কুমার এবং কুনাল আগরওয়াল। অন্যদিকে, চিফ মিনিস্টার মেডেল ফর কমান্ডেবল সার্ভিসের জন্য নির্বাচিত হয়েছেন ৮ জন আই পি এস আধিকারিক। এরা হলেন, কঙ্কোর প্রসাদ বারুই, সুনীল কুমার যাদব, রাঠোর অমিত কুমার ভারত, সূর্যপ্রতাপ যাদব, পুষ্পা, অংশুমান সাহা, সচিন মাক্কার এবং ডক্টর অরবিন্দ কুমার আনন্দ।

oooooooooooooooooooooooooo

নেতাজী সম্পর্কে সামাজিক মাধ্যমে কুরুচিকর পোস্টের অভিযোগে কোচবিহার থেকে এপর্যন্ত চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। সাহেব গঞ্জ থানার পুলিশ গতকাল বসন্ত দেবনাথ নামে এক যুবককে গ্রেফতার করে। সে গ্রেটার কোচবিহার পিপলস্ অ্যাসোসিয়েশনের সদস্য বলে জানা গেছে।

এছাড়াও কোচবিহার কোতোয়ালি থানার পুলিশ পিন্টু রায় এবং কৃষ্ণ কারজি নামের অনন্ত মহারাজের ঘনিষ্ট বলে পরিচিত দুই যুবককে গ্রেফতার করেছে। অন্যদিকে, নিশিগঞ্জ এলাকা থেকে এক স্কুল শিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। উত্তম বর্মন নামে ওই ব্যক্তি নিশিগঞ্জ নিশিময়ী হাইস্কুলের শিক্ষক।

এর আগে উত্তরদিনাজপুরের চাকুলিয়া থেকে কিরণ কুমার দাস নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে ইসলামপুর সাইবার ক্রাইম থানার পুলিশ।

ooooooooooooooooooooooooo

নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে আপত্তিকর মন্তব্য করায় বিজেপি সাংসদ নগেন্দ্র রায় ওরফে অনন্ত মহারাজকে দেওয়া বঙ্গ বিভূষণ সম্মান প্রত্যাহার করে নিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। তথ্য ও সংস্কৃতি দফতরের পক্ষ থেকে গতকাল এই সংক্রান্ত এক নির্দেশিকা জারি করা হয়। সরকারী নথি ও বঙ্গবিভূষণ প্রাপকের তালিকা থেকে তার নাম বাদ দেওয়ার জন্য সংশ্লিষ্ট দফতরকে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, চলতি বছরের ২১শে ফেব্রুয়ারী তৎকালীন তৃণমূল কংগ্রেস সরকার অনন্ত মহারাজকে বঙ্গ বিভূষন সম্মান প্রদান করেন।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেছেন, নেতাজীকে নিয়ে মানুষের আবেগে আঘাত লাগলে, দল সেবিষয়ে চিন্তাভাবনা করবে। নেতাজী থাকলে দেশ বিভাজন ও ক্ষমতার হস্তান্তর হতো না।

(বাইট – শমিক)

অনন্ত মহারাজের বঙ্গবিভূষণ সম্মান প্রত্যাহারের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার । নেতাজি কে অসম্মান করার জন্য তিনি অনন্ত মহারাজের সাংসদ পদ খারিজের পাশাপাশি তাকে গ্রেফতারের দাবিও তুলেছেন। এর প্রতিবাদে আজ বিকেল চারটে থেকে আগামীকাল সকাল আটটা পর্যন্ত এলগিন রোডে নেতাজি ভবনের সামনে রাতভর অবস্থান বিক্ষোভ করবে কংগ্রেস।

ooooooooooooooooooooooooo

মুর্শিদাবাদের সুতীতে উন্মত্ত এক যুবকের বিরুদ্ধে তিনটি শিশুকে কুপিয়ে খুনের অভিযোগ উঠেছে। জানা গেছে, গোলাম সারোয়ার ওরফে বাদশা নামের ওই যুবকটি গতকাল তারই আত্মীয় চারটি শিশুর ওপর হাঁসুয়া নিয়ে চড়াও হয়। ঘটনাস্থলে মুনিফা খাতুন নামের একটি শিশুর মৃত্যু হয়েছে। হাসপাতালে মৃত্যু হয় ইসরত পারভিন এবং

নুসরাত জাহান নামে আরও দুটি শিশু কন্যার। গুরুতর জখম অবস্থায় চিকিৎসা চলছে বছর সাত-এর তানিমা পারভিনের।  তার অবস্থাও আশঙ্কাজনক বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ উপকূলের ওপর সৃষ্ট গভীর নিম্নচাপটি ধীরে ধীরে পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হচ্ছে। এর প্রভাবে আজও বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ভারী বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, দক্ষিণ ২৪ পরগনা, পুরুলিয়া ও পশ্চিম বর্ধমান জেলায় । দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরে কোথাও কোথাও ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে। আগামীকাল পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। অন্যদিকে উত্তরবঙ্গে জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় আজ ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল, ভবানীপুর এফসি-র বিরুদ্ধে খেলবে।  ইস্টবেঙ্গল মাঠে খেলা শুরু হবে দুপুর তিনটেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০